

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net

E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৭৬/২০১২

সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের প্রতি,

তারিখঃ ০৯/১২/২০১২খ্রিঃ।

২৫ অগ্রহায়ণ, ১৪১৯ বাংলা।

### কাস্টম হাউস অভ্যন্তরে প্রবেশের জন্য প্রক্সিমিটি আইডি কার্ড গ্রহণ সম্পর্কে সতর্কীকরণ

এতদ্বারা সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে চট্টগ্রাম কাস্টমস্ কর্তৃপক্ষ কাস্টম হাউস অভ্যন্তরে প্রবেশের জন্য প্রক্সিমিটি আইডি কার্ড ব্যবস্থা পুনঃপ্রবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইদানীং অভিযোগ পাওয়া যাচ্ছে, প্রক্সিমিটি আইডি কার্ড সরবরাহের জন্য মনোনীত ঠিকাদারী প্রতিষ্ঠান তাদের নিজ কার্যালয় থেকে অবৈধভাবে কাস্টম হাউস, চট্টগ্রাম এ প্রবেশের জন্য প্রক্সিমিটি আইডি কার্ড প্রদান করছে। যা সম্পূর্ণ বেআইনী। প্রক্সিমিটি আইডি কার্ড শুধুমাত্র লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম প্রদান করবেন। যেসব সদস্য সিএন্ডএফ প্রতিষ্ঠান ইতোমধ্যে প্রক্সিমিটি আইডি কার্ড এর জন্য লাইসেন্স শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম এ আবেদনপত্র জমাদান পূর্বক ছবি তোলার কার্যক্রম সম্পন্ন করেছেন তাঁদের কার্ড প্রদানের তারিখ খুব শীঘ্রই কাস্টমস্ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির মাধ্যমে অবহতি করবেন।

কাস্টমস্ কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান হতে প্রক্সিমিটি আইডি কার্ড গ্রহণ না করার জন্য সকল সদস্য/সদস্যাবৃন্দকে অনুরোধ জানানো হচ্ছে। অন্য কোন প্রতিষ্ঠান হতে কার্ড গ্রহণকারীদের কার্ডের বৈধতার প্রশ্নে এসোসিয়েশন কোন দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

পৃষ্ঠা নং- ৮৮